

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

নং-এডি-পি১-০২১৪/৪১৩

তারিখ : ০২ আগস্ট ২০১৭

প্রেরক : মোহাম্মদ নাজমুল হক  
পরিচালক (সংস্থাপন)

প্রাপক : ০১। জনাব সালাহ উদ্দিন নোমান চৌধুরী  
মহাপরিচালক  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০২। জনাব মোঃ আশফাক হোসেইন  
সহকারী সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

জনাব,

আদিষ্ট হয়ে কায়রোস্থ বাংলাদেশ দূতাবাসে সরকারী কাজে গমনের লক্ষ্যে আগামী ০৫-০৮ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত অথবা নিকটবর্তী সময়ে ঢাকা-কায়রো-ঢাকা ভ্রমণে আপনাদের অনুকূলে মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- (ক) আপনি আগামী ০৪ আগস্ট ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে কায়রো-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ০৮ আগস্ট ২০১৭ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে কায়রো ত্যাগ করবেন;
- (খ) ভ্রমণকালীন সময়ে আপনি নিজ কর্মস্থলে কর্মরত রয়েছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- (গ) এ প্রেক্ষিতে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং তা পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে বিকলন যোগ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


আপনার একান্ত



(মোহাম্মদ নাজমুল হক)  
পরিচালক (সংস্থাপন)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক (প্রশাসন/আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ/আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), ঢাকা।
০৪. সিনিয়র/সহকারী সচিব (এসএসএ/বাজেট/তহবিল/কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ঢাকা।
০৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৭. বাংলাদেশ দূতাবাস, কায়রো।
০৮. সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়ের ব্যক্তিগত নথি।



(এ.এস.এম. সায়েম)

সিঃ সহকারী সচিব (সংস্থাপন-১)